সংবাদ

তারিখ 21 MAY 2012
পৃষ্ঠা ১ কলাম ৪

## প্রাইম ইউনিভার্সিটির সনদ বাণিজ্য

# উত্তরা ক্যাম্পাস বন্ধে ইউজিসির চিঠি

রাকিব উদ্দিন

প্রাইম ইউনিভার্সিটির অবৈধ শিক্ষা বাণিজ্যের বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছে সরকার। এই
বিশ্ববিদ্যালয়ের নামে ক্যাম্পাস খুলে খোদ রাজধানীতেই চলছে সনদ বাণিজ্য। এ
বিশ্ববিদ্যালয়ের উত্তরা ক্যাম্পাসকে অবৈধ আখ্যায়িত করে তা গুড়িয়ে দিতে স্বরাষ্ট্র
মন্ত্রণালয়ের সহযোগিতা নিতে শিক্ষা মন্ত্রণালয়ে চিঠি দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি
কমিশন (ইউজিসি)। কিন্তু শিক্ষা মন্ত্রণালয়ের একটি অসাধু চক্র দুর্নীতিতে
নিমজ্জিত এ বিশ্ববিদ্যালয়ের উত্তরা ক্যাম্পাস টিকিয়ে রাখতে নানা অপতৎপরতায়
লিপ্ত রয়েছে। বিশ্ববিদ্যালয়ের মিরপুর ক্যাম্পাসের মালিকদের বিরুদ্ধেও সনদ
বাণিজ্যসহ নানা অভিযোগ আসছে শিক্ষা

উত্তরা : পৃষ্ঠা : ১৫ ক : ১

## উত্তরা : ক্যাম্পাস

(১ম পৃষ্ঠার পর)

উত্তরা ক্যাম্পাসের ভর্তি করানো সব
মন্ত্রণালয়ে। 'মিথ্যা প্রচারণার মাধ্যমে উত্তরা ক্যাম্পাসের ভর্তি করানো সব
শিক্ষার্থীকে মিরপুরস্থ প্রাইম ইউনিভার্সিটির বৈধ ক্যাম্পাসে স্থানান্তর করারও
নির্দেশ দিয়েছে ইউজিসি। মিরপুর ক্যাম্পাসের কার্যক্রমও তদন্ত করা হবে বলে
শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে।
ইউজিসি'র সদস্য প্রফেসর ড. আতফুল হাই শিবলী সংবাদ'কে বলেছেন, প্রাইম
ইউনিভার্সিটির উত্তরাস্থ ক্যাম্পাসটি পুরোপুরি অবৈধ ও অনুমোদনহীন। এ
বিশ্ববিদ্যালয়ের একটিই ক্যাম্পাস, যা মিরপুরে অবস্থিত। উত্তরার ক্যাম্পাসের
কার্যক্রম গুটিয়ে নিতে সংশ্লিষ্টদের ইতোপূর্বেই নির্দেশ দেয়া হয়েছিল এবং এ
বিষয়ে গণবিজ্ঞপ্তিও জারি করা হয়েছে। কিন্তু ক্যাম্পাসটির কার্যক্রম থামেনি। তাই
স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সহায়তায় উত্তরা ক্যাম্পাসের কার্যক্রম বন্ধ করতে কয়েকদিন
আগে শিক্ষা মন্ত্রণালয়ে চিঠি দেয়া হয়েছে বলেও তিনি জানান।
এ বিষয়ে জানতে চাইলে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়)
সালাউদ্দিন আকবর সংবাদ'কে বলেছেন, 'প্রাইম ইউনিভার্সিটির বিষয়ে ইউজিসি'র
চিঠি এখনো পায়নি। এটি পাওয়ার পর উর্ধতন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে
প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।'
শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, ২০০২ সালে রাজধানীর মিরপুর ১ নম্বরে দারুস
সালাম রোডে প্রাইম ইউনিভার্সিটি প্রতিষ্ঠা করা হয়। প্রথমে এই বিশ্ববিদ্যালয়ের
প্রতিষ্ঠার সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন জনৈক আবুল হোসেন। কিন্তু নানা অপকর্মের সঙ্গে
সংশ্লিষ্টতার দায়ে তাকে বিশ্ববিদ্যালয়ের পরিচালনার কার্যক্রম থেকে সরিয়ে দেয়া
হয়। এরপর ২০০৯ সালে আবুল হোসেনই মিরপুরস্থ প্রাইম ইউনির্ভার্সিটি'র নামে
উত্তরায় একটি শাখা ক্যাম্পাস চালু করে। কিন্তু কিছুদিন পরই সরকার সব শাখা
ক্যাম্পাসের কার্যক্রম বন্ধ ঘোষণা করলে কর্তৃপক্ষ উত্তরার শাখাও বন্ধ করে দেয়।
এরপরই এই ক্যাম্পাসের নামে সনদ বিক্রি শুরু হয়। এবার বিভিন্ন অভিযোগের
প্রেক্ষিতে তদন্ত করে ওই ক্যাম্পাসকে অবৈধ আখ্যায়িত করেছে ইউজিসি।
মিরপুরস্থ প্রাইম ইউনিভার্সিটির বোর্ড অফ গভর্নেসের সেক্রেটারি জেনারেল মীর
শাহাবুদ্দিন সংবাদ'কে বলেন, উত্তরায় একটি অসাধু চক্র প্রাইম ইউনিভার্সিটির
নামে কাজ চালাচ্ছে। কিন্তু সরকারের উদ্যোগে তাদের অপরাধ চিহ্নিত হয়েছে।
অভিযোগের বিষয়ে জানতে প্রাইম ইউনিভার্সিটির উত্তরা ক্যাম্পাসের পরিচালক
আবুল হোসেনের সঙ্গে সেলফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করেও তা বন্ধ
পাওয়া যায়।
জানা যায়, প্রাইম ইউনিভার্সিটি কর্তৃপক্ষ গত ৪ এপ্রিল ১৭২ নং পত্র মারফত
ইউজিসি'কে অবহিত করেছেন যে, প্রাইম ইউনিভার্সিটির অননুমোদিত উত্তরা
ক্যাম্পাস বন্ধ ঘোষণা করা হয়েছে। প্রাইম ইউনিভার্সিটির মিরপুরস্থ ক্যাম্পাস
(২এ/১, নর্থ ইস্ট অফ দারুস সালাম রোড, সেকশন-১, মিরপুর, ঢাকা-১২১৬)
সরকার ও কমিশন কর্তৃক একমাত্র অনুমোদিত ক্যাম্পাস। বিষয়টি সংশ্লিষ্ট সবার
অবগতির জন্য প্রাইম ইউনিভার্সিটি কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করছে।
বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রাইম ইউনিভার্সিটিসহ অন্য
প্রাইভেট ইউনিভার্সিটিতে ভর্তির ক্ষেত্রে অনুমোদিত ক্যাম্পাস দেখে যাচাইপূর্বক
ভর্তি হওয়ার জন্য পরামর্শ দেয়া হয়েছে।